



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2022

গভর্নর ক্যাথি হোকল

MTA মেট্রো-নর্থ রেলপথ দুই সপ্তাহের মধ্যে দ্বিতীয় বারের মতো মহামারীকালীন সময়ের যাত্রী সংখ্যার রেকর্ড ভেঙ্গে ফেলেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

মেট্রো-নর্থ 13 সেপ্টেম্বর, মঙ্গলবার 180,200 যাত্রী বহন করেছে, যা 7 সেপ্টেম্বর, বুধবারে তৈরি হওয়া পূর্বের রেকর্ড ভেঙ্গে ফেলেছে

নিউ ইয়র্ক সিটি সাবওয়ে এবং লং আইল্যান্ড রেল রোড গতকাল মহামারী শুরু হওয়ার পর থেকে দ্বিতীয় সর্বোচ্চ যাত্রী সংখ্যা অর্জন করেছে

MTA সংস্থাগুলোর প্রতিদিনের যাত্রী সংখ্যার ডাটা [এখানে](#) দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মেট্রো-নর্থ রেলপথ গতকাল 180,200 বা মহামারীর আগের সময়ের গড় যাত্রী সংখ্যার 68.6 শতাংশ যাত্রী বহন করে মহামারী চলাকালীন সময়ের যাত্রী বহনের রেকর্ড তৈরি করেছে, যা 7 সেপ্টেম্বর, বুধবারে তৈরি হওয়া 179,600 যাত্রী বহনের মেট্রো-নর্থ এর পূর্বের রেকর্ড ভেঙ্গে ফেলেছে। শ্রমিক দিবসের পরে সপ্তাহের চার দিনে মেট্রো-নর্থ এর যাত্রী সংখ্যা কোভিড শুরু হওয়ার পর থেকে সর্বোচ্চ যাত্রী সংখ্যা থাকার একটানা চার দিন ছিল, যেখানে সপ্তাহের এক দিনে গড়ে যাত্রী সংখ্যা ছিল 171,000 বা মহামারীর আগের সময়ের গড় যাত্রী সংখ্যার 65.1 শতাংশ।

"আমাদের রেকর্ড-ভঙ্গকারী যাত্রী সংখ্যা নিউ ইয়র্ক সিটি ও হাডসন ভ্যালিতে নিউ ইয়র্কের মহামারী পরবর্তী সময়ের পুনরুদ্ধারের গতি বৃদ্ধি পাওয়ার সর্বশেষ নির্দেশক," বলেছেন গভর্নর হোকল। "আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর আমাদের গণপরিবহন ব্যবহার করাটা শুধু যে অর্থনীতির জন্য একটি ভালো ব্যাপার তাই নয়, বরং পরিবেশের জন্যেও ভালো, এবং এই সর্বশেষ মাইলফলক ভবিষ্যতের ব্যাপারে উৎসাহিত করার মতো একটি লক্ষণ।"

মেট্রো-নর্থ এর প্রেসিডেন্ট এবং লং আইল্যান্ড রেল রোড-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন, "আমরা রেলপথে ভ্রমণের সব খাতে বেশ ভালো পরিমাণে যাত্রী ফিরে আসতে দেখতে পাচ্ছি, যা নির্দেশ করে যে ক্রমশ আরো বেশি যাত্রী বুঝতে শুরু করেছেন যে আমাদের অঞ্চলে ভ্রমণের জন্য কমিউটার রেলরোডগুলো একটি দ্রুত ও সহজ উপায় - যা আমাদের নতুন ট্রেন টাইম অ্যাপ চালু হওয়ার মধ্য দিয়ে আরো সহজতর হয়েছে যেখানে টিকেট

ক্রয় করা, রিয়েল টাইমে ট্রেন সম্পর্কিত পুঙ্খানুপুঙ্খ তথ্য এবং লাইভ ইন্টারঅ্যাকটিভ গ্রাহক পরিষেবা সবকিছু এক জায়গায় পাওয়া যাবে।"

সেইসাথে, নিউ ইয়র্ক সিটি ট্রানজিট এবং লং আইল্যান্ড রেল রোডেও যাত্রী সংখ্যা বৃদ্ধি পেয়েছে। 13 সেপ্টেম্বর তারিখে সাবওয়ের যাত্রী সংখ্যা 3.61 মিলিয়নে পৌঁছেছে, যা 2020 সালের মার্চ মাসে নিউ ইয়র্কে মহামারী শুরু হওয়ার পর থেকে দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যা। একই দিনে বাসগুলো আনুমানিক 1.42 মিলিয়ন যাত্রী বহন করেছে। LIRR 200,200 যাত্রী বা মহামারীর আগের সময়ের যাত্রী সংখ্যার 69 শতাংশ যাত্রী বহন করেছে, যা মহামারী চলাকালীন সময়ে এটির দ্বিতীয়-সর্বোচ্চ যাত্রী সংখ্যা এবং 7 সেপ্টেম্বর, বুধবারে তৈরি হওয়া 204,000 যাত্রীর রেকর্ডের পরে দ্বিতীয় অবস্থানে রয়েছে।

MTA এই বছরের শুরু থেকে ভাড়া ছাড় দিয়ে যাত্রীদের উৎসাহিত করে চলেছে। লং আইল্যান্ড রেল রোড এবং মেট্রো-নর্থ উভয়েই ভাড়া সংক্রান্ত বিভিন্ন অফার প্রদান করেছে, যার মধ্যে মাসিক পাসের জন্য 10 শতাংশ ছাড়, এবং কর্মস্থলে গমনের মিশ্র সময়সূচির কথা বিবেচনায় নিয়ে নতুন 20-ট্রিপের টিকিট চালু করা অন্তর্ভুক্ত রয়েছে। নতুন 20-ট্রিপের টিকিটটি যাত্রীদের সাধারণ ব্যস্ত সময়ে ওয়ান-ওয়ে ভাড়া 20 শতাংশ সাশ্রয় করে। MTA পাঁচটি বরোর মধ্যে ভ্রমণকারী রেলযাত্রীদের জন্য সপ্তাহের কর্মদিবসে সমস্ত অফ-পিক ট্রেনকে অন্তর্ভুক্ত করার জন্য সিটি টিকিটও প্রসারিত করেছে, যা সপ্তাহান্তে নিউ ইয়র্ক সিটির মধ্যে রেল ভ্রমণের জন্য হ্রাসপ্রাপ্ত, 5.00 মিলিয়ন ডলার ফ্ল্যাট ভাড়া অফার করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418